



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.২২.০০৭.১৫.৭৫৪

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৮  
২৪ নভেম্বর ২০২১

বিষয়: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত ৬টি প্রকল্প/স্থাপনাসমূহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন প্রসঙ্গে।

সূত্র: (ক) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের স্মারক ৪৬.১৬.০০০০.০১১.৪২.০০১.২১.৬৪৬, তারিখ: ১১/১০/২০২১।

(খ) স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.২২.০০৭.১৫.৭৩০, তারিখ: ১৭ নভেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত ৬টি প্রকল্প/স্থাপনাসমূহ [১০ তলা বিশিষ্ট নগর ভবন, শেখ রাসেল পার্ক, পাইকপাড়া মিউচুয়েল ক্লাব, পাক-পাঞ্জাতন সিটি জামে মসজিদ, বাবুরাইল খাল খননের মাধ্যমে শীতলক্ষ্যা থেকে ধলেশ্বরী নদী পর্যন্ত সৌন্দর্য ও শোভাবর্ধন, সিদ্ধিরগঞ্জ খাল পুনঃখনন ও সৌন্দর্যবর্ধন] মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনযোগ্য কিনা তা সরজমিনে যাচাই বাছাই করার জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত কমিটি গত ১৪ নভেম্বর ২০২১ তারিখ সকাল ১০:০০ টা হতে বর্ণিত প্রকল্প/স্থাপনাসমূহ পরিদর্শন করেন। যাচাই বাছাই প্রতিবেদনের সার্বিক মন্তব্য নিম্নরূপ:

“নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন ৬টি প্রকল্প/স্থাপনাসমূহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ডিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্বোধনযোগ্য করতে কমপক্ষে ৪-৬ মাস সময়ের প্রয়োজ হবে মর্মে সরেজমিন পরিদর্শনকালে প্রতীয়মান হয়।”

২। এমতাবস্থায়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ৬টি প্রকল্পের কাজ সম্পূর্ণ বাস্তবায়নপূর্বক পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

মোহাম্মদ জাহিরুল ইসলাম  
উপসচিব

ফোন: ৯৫৪৫৪১৬

ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।

অনুলিপি – জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।